বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোননংঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email:dgmrsd@krishibank.org.bd

সূত্রঃ গবে ও পরিঃ ৪৬(৫)/CIB Online/২০২২-২০২৩/ ১৭০

তারিখ ঃ ৩১/০৮/২০২২

১। উপমহাব্যবস্থাপক (পরিচালন), স্থানীয় মুখ্য কার্যালয়;
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ওয়েব পোর্টালের মাধ্যমে শাখার সিআইবি ডাটাবেইজকৃত ঋণতথ্য হালনাগাদকরণের লাইভ কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সিআইবি ডাটাবেইজকৃত শাখার ঋণতথ্য হালনাগাদকরণে আধুনিকতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ডিজাইন অনুসারে আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক একটি ওয়েবভিত্তিক পোর্টাল প্রস্তুত করা হয়েছে। পোর্টালটি কিছু নির্বাচিত শাখায় পাইলটিং ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করে প্রাপ্ত পর্যবেক্ষণের ভিত্তিতে সংশোধন ও পরিমার্জন করা হয়েছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় প্রচলিত হার্ডকপি ভিত্তিক ম্যানুয়েল পদ্ধতি বাতিলপূর্বক ওয়েব পোর্টালের মাধ্যমে সিআইবি ডাটাবেইজে রিপোর্টকৃত ঋণতথ্য সংশোধনের পদ্ধতি প্রবর্তন করা হলো। ওয়েব পোর্টালটির লাইভ কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

২.১। প্রতিমাসের ১ হতে ৮ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের সর্বশেষ তারিখের শাখার ঋণতথ্যের ভিত্তিতে "পোর্টাল ব্যবহার নির্দেশিকা /User Manual" অনুসরণপূর্বক পোর্টালটিতে ঋণতথ্য হালনাগাদ/পরিবর্তন/সংশোধন করতে হবে।

২.২। সিআইবি ডাটাবেইজে ঋণগ্রহিতা ব্যাক্তি বা প্রতিষ্ঠানের তথ্য শুধুমাত্র একবারই অন্তর্ভুক্ত করতে হয় তাই ঋণহিসাব বন্ধ করে পূনরায় ঋণ গ্রহণ করলে শুধুমাত্র ঋণতথ্য নতুন মঞ্জুরীপত্র অনুযায়ী সংশোধন করতে হবে পূনরায় ঐ ঋণগ্রহিতার তথ্য ডাটাবেইজ করার প্রয়োজন নাই।

২.৩। পোর্টালে সিআইবি ডাটাবেইজকৃত ঋণতথ্যের যেকোন ধরনের সংশোধন অবশ্যই দালিলিক প্রমানাদি তথা এ্যাকাউন্ট স্টেটমেন্ট, ঋণ আদায় ভাউচার, মঞ্জুরীপত্র ইত্যাদির ভিত্তিতে করতে হবে যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক চাওয়ামাত্র সরবরাহ করা যায়।

২.৪। ঋণ নবায়নের কাজটি খুব সতর্কতার সাথে করতে হবে কারন এক্ষেত্রে পূর্বের ঋণটি বন্ধ হয়ে যায় এবং নতুন আরেকটি ঋণ সৃষ্টি হয়। নতুন সৃষ্টি হওয়া ঋণটির বেশকিছু তথ্য আবশ্যিকভাবে পরিবর্তন করতে হবে যেমন নতুন বিতরণ/নবায়নের তারিখ, দেয়/মেয়াদোত্তীর্ণের তারিখ, নবায়নকৃত টাকার পরিমান, লোন ব্যালেন্স ইত্যাদি।

২.৫। পুনঃতফসিলের ক্ষেত্রে Noninstall ঋণটি বন্ধ হয়ে যাবে এবং নতুন একটি মেয়াদী(installment) ঋণ সৃষ্টি হবে। নতুন সৃষ্টি হওয়া মেয়াদী অর্থাৎ installment ঋণটির বেশকিছু তথ্য আবশ্যিকভাবে পরিবর্তন করতে হবে যেমন পুনঃতফসিলের তারিখ, দেয়/মেয়াদোত্তীর্ণের তারিখ, পুনঃতফসিলকৃত টাকার পরিমান, অবশিষ্ট কিস্তির সংখ্যা ও পরিমাণ, মেয়াদোত্তীর্ণ কিস্তির সংখ্যা ও পরিমাণ ইত্যাদি।

চলমান পাতা=০২=

২.৭। সিআইবি সম্পর্কিত কোন মিথ্যা/ভুল তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংকের সিআইবি সার্কুলার নং-০২/২০১১ এবং ০৩/২০২২ তারিখ যথাক্রমে ০৪/০৫/২০১১ এবং ২১/০৭/২০২২ মোতাবেক জরিমানার বিধান রাখা হয়েছে যার দায় শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।

২.৮। শাখার সিআইবি ডাটাবেইজকৃত ঋণতথ্য সংশোধনের জন্য একটি User ID দেয়া হয়েছে যা কার্যালয় আদেশের মাধ্যমে একজন কর্মকর্তাকে দায়িত্ব দিতে হবে এবং শাখা ব্যবস্থাপক প্রতিটি ঋণতথ্য সংশোধনের বিষয়ে অবগত থাকবেন।

০৩। এমতবস্থায়, উপরোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক http://202.168.250.137/cibdatabase লিংকের মাধ্যমে চলতি মাস হতে সিআইবি Contract Data (Installment, Non-Installment Contract) অনলাইন পদ্ধতিতে সংশোধন করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

৩১/০৮/২০২২

সংযুক্তিঃ পোর্টাল ব্যবহার নির্দেশিকা।

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়;
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা;
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা (আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ);
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৭। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক- বিষয়টি তদারকীর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো;
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়;
০৯। নথি/মহানথি।

(নূর মোহাম্মদ মোল্লা)
সহকারী মহাব্যবস্থাপক